আলমডাঙ্গায় দোকানীকে হাত-পা বেধে দোকান ভাঙচুর ও লুটপাটের অভিযোগ

আলমডাঙ্গায় জমি কেন্দ্রিক পূর্বশত্রুতার জের ধরে গভীর রাতে দোকান ব্যবসায়ীর হাত-পা বেধে দোকান ঘর ভাঙচুর ও লুটপাটের অভিযোগ উঠেছে।

আজ রোববার দিবাগত রাত ২ টার দিকে পৌর এলাকার রেল ফোকট এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় দোকান ঘর মালিক মানোয়ারুল ইসলাম টুটুল আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেছেন।

অভিযুক্তরা হলেন- গোবিন্দপুর নতুন বাস স্ট্যান্ড এলাকার মৃত মফিজ উদ্দীনের ছেলে মুকুল হাজী (৫২), আবু বক্করের ছেলে ওসমান আলী (৩৮), মহি উদ্দীন (৫৫), মকবুল হোসেন (৫০) বন্ডবিল এলাকার মৃত আইনুদ্দিনের ছেলে কুদ্দুস আলী (৫০) সহ আরো তিন জনের নাম উল্লেখ করেছেন।

জানাগেছে, পৌর এলাকার স্টেশন পাড়ার মানোয়ারুল ইসলাম টুটুল গত ১০ বছর আগে বাস রেল ফোকট সংলগ্নে ২০১০ সালে ১২ শতক জমি ক্রয় করেন। এ জমি ক্রয় করেন মৃত সদর উদ্দীন গং, রাবেয়া খাতুন ও মকবুল হোসেনের নিকট। ওই জমিতে দুটি পাঁকা দোকানও নির্মাণ করেছেন। এছাড়া একটি বাঁশ টিনে নির্মিত মোটরসাইকেল গ্যারেজ রয়েছে।

অভিযোগ সূত্রে জানাযায়, মানোয়ারুল প্রতিদিনের ন্যায় রোববার রাত ১০ টার দিকে দোকান বন্ধ করে বাড়িতে চলে যায়। আমার দোকানের মধ্যে পাশের দোকানদার লিটন রাতে অবস্থান করে। তার হাত-পা বেধে দোকান ভাঙচুর করে। এছাড়া দোকানে থাকা বিভিন্ন মালামাল লুটপাট করে নিয়ে যায়।

ভুক্তভোগী লিটন জানান, রাত আনুমানিক ৩ টার দিকে কয়েকজন এসে রামদা ও হাসুয়া ধরে আমার হাত-পা বেধে ফেলে। পরে আমার মোবাইল ফোন কেড়ে নেয় এবং চিৎকার করতে নিষেধ করে। এসময় দোকান ভাংচুর করে দোকানে থাকা বিভিন্ন মালামাল লুটপাট করে নিয়ে যায়।

দোকান মালিক মানোয়ারুল ইসলাম টুটুল বলেন, ঘটনার রাতে মাছ চাষের

পুকুরে পানি দেওয়া শেষে বাড়ি ফিরছিল গোবিন্দপুর গ্রামের সজিব। সে লিটনের হাত-পা বাধা দেখে ওই রাতে ফোন দিলে আমি দ্রুত ছুটে এসে তাকে উদ্ধার করি। এ ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দিয়েছি।

আলমডাঙ্গা থানার ওসি শেখ গণি মিয়া জানান, দোকান ভাঙচুরের ঘটনা আমার পর্যন্ত আসেনি। অভিযোগ দিলে তদন্ত অনুযায়ী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদায় ম্যানেজিং কমিটির নির্বাচনে রকিব প্যানেল জয়ী

দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনে সাধারণ অভিভাবক সদস্য পদে রকিব প্যানেলের সদস্যরা নিরঙ্কুশ বিজয় লাভ করেছে।

আজ রবিবার কানাইডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ে সকাল ১০ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত সাধারণ অভিভাবক সদস্য পদে নিরবিচ্ছিন্ন ভাবে শান্তি পূর্ণ ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।

নির্বাচনে রকিব প্যানেলর পক্ষে আব্দুস সালাম ২০৮ ভোট পেয়ে ১ম, মোঃ রকিবুর ২০৪ ভোট পেয়ে ২য়, আব্দুর রহমান ২০৩ ভোট পেয়ে ৩য়, মোঃ পটল ১৯৯ ভোট পেয়ে ৪র্থ এবং মহিলা অবিভাবক সদস্য পদে কাজল রেখা ২২৮ ভোট পেয়ে নিরঙ্কুশ বিজয়লাভ করে। অপরপক্ষে আক্তার প্যানেলের প্রাপ্ত ভোট হলো জাবেদ আলী ১৮৭, আশাদুল হক ১৮৫, ছাব্বির হোসেন ১৮১, সাদেকুল ইসলাম ১৭৫ এবং মহিলা অভিভাবক সদস্য পদে সাবানা খাতুন ১৭৪ ভোট পান।

আলোচিত-সমালোচিত এই ম্যানেজিং কমিটির নির্বাচন নিয়ে উপজেলা মাধ্যমিক একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম বলেন, এই নির্বাচন নিয়ে আমরা অনেক চাপে ছিলাম সেজন্য নির্বাচন সুষ্ঠু ও শান্তি পূর্ন করতে প্রায় ৩৬ জন পুলিশ সদস্যসহ গোয়েন্দা সদস্য মোতায়ন করতে হয়। আমি আশা রাখবো যারা এই নির্বাচনে জয়লাভ করছে আগামীতে

দামুড়হুদায় বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

দামুড়হুদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকেল সাড়ে ৪ টার সময় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অর্থায়নে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। প্রধান অতিথির বক্তব্যে ডিসি বলেন, যারা খেলাকে ভালোবাসে তারা অপরাধ থেকে দূরে থাকে, যারা খেলাকে ভালোবাসে তারা ফুলও ভালোবাসে। খেলায় জয় পরাজয় থাকবেই এটাই নিয়ম। ভালো খেলবো ভালো থাকবো, যারা ফুটবল কে ভালোবাসে তারা সবাইকে ভালোবাসে।

এখান থেকে আমরা ঘৃণা নিয়ে যাবো না, আমরা ভ্রাতৃত্ব মানষিকতা নিয়ে ফিরবো, আমরা সবাই সবার। খেলায় আমন্ত্রিত অতিথি সহ খেলার আয়োজক কমিটি সবাইকে ধন্যবাদ জানান।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ, উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর, পরিদর্শক অপারেশন হিমেল, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও সাবেক ফুটবলার শহীদ আজম সদু সহ বিভিন্ন অঞ্চল থেকে আগত আমন্ত্রিত দর্শক অতিথি বৃন্দ

উপস্থিত ছিলেন। খেলার মাঠে ছিলো দর্শকদের উপচে পরা ভীড়। ফুটবল প্রেমীরা সহ উপস্থিত সকল দর্শক টুর্নামেন্টের মনোমুগ্ধক সেমিফাইনাল খেলা উপভোগ করেন।

টুর্নামেন্টের ফাইনাল খেলায় যে দুটি দল অংশ গ্রহণ করে তারা হলো কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ বনাম জুড়ানপুর ইউনিয়ন একাদশ। খেলার নির্ধারিত সময়ের মধ্যে জুরানপুর একাদশ কোন গোল করতে না পারলেও কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ ১টি গোল করে চ্যাম্পিয়ন হয় ।

খেলায় রেফারীর দায়িত্ব পালন করেন, সৈয়দ মাসুদুর রহমান, একরামুল হাসান নিপুন, সুভাষ চন্দ্র বিশ্বাস, ইউসুফ আলী। টুর্নামেন্টের ম্যাচ কমিশনার সাবেক জেলা ফুটবলার জাকির হোসেন। খেলায় ধারাভাষ্য দেন মোস্তাফিজুর রহমান।টুর্নামেন্টের ফাইনাল খেলায় উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী’র সঞ্চালনায় পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদায় এক রাতে দুইটা গরু চুরি: থানায় মামলা, গ্রেফতার ৫

দামুড়হুদা উপজেলার চারুলিয়া গ্রাম থেকে একই রাতে দুই কৃষকের গোয়াল ঘর থেকে দুইটা গরু চুরি করে নিয়ে গেছে চোরের দল। এতে কৃষকদের আর্তনাদে এলাকার আকাশ বাতাস ভাড়ি হয়ে উঠেছে।

গত শুক্রবার দিবাগত গভীর রাতে এই চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় ভুক্তভোগী মামুন থানায় এজাহার দায়ের করে। চুরির ঘটনায় ৫ জনকে গ্রেফতার করে দামুড়হুদা মডেল থানার পুলিশ।

এজাহার সুত্রে জানাগেছে, দামুড়হুদা মডেল থানার অন্তর্গত চারুলিয়া পুলিশ ক্যাম্প এলাকার চারুলিয়া মাদ্রাসা পাড়ার মোঃ রওশন আলী’র ছেলে কৃষক মোঃ মামুন (৪০) এর গোয়াল ঘর থেকে ১টি লাল রঙের বকনা গরু (যার আনুমানিক বাজার মূল্য একলক্ষ টাকা) ও একই গ্রামের মৃত বাবু হোসেন এর ছেলে মোঃ লাল চাঁদ (৩০) এর গোয়ালঘর হতে ১টি কালো রঙের ষাঁড় গরু (যার আনুমানিক বাজার মূল্য নব্বই হাজার

টাকা) চোরেরদল দিবাগত শুক্রবার গভীর রাতে চুরি করে নিয়ে যায়। এ ঘটনায় ভুক্তভোগী মামুন দামুড়হুদা মডেল থানায় হাজির হয়ে মেহেরপুর জেলার মুজিবনগর থানার মহাজনপুর (খাপাড়া) গ্রামের মৃত সুন্নত আলী শেখ এর ছেলে মোঃ সেন্টু (৪৫), এবং দামুড়হুদা উপজেলার চারুলিয়া গ্রামের মোঃ কিনু খাঁ এর ছেলে মোঃ মেহের আলী (৩৫), মৃত: হায়াত আলী এর ছেলে মোঃ কছিম উদ্দিন (৩৭), মৃত বাবুল আক্তার এর ছেলে মোঃ মানিক (৪৫) এবং আব্দুর রশিদ এর ছেলে মোঃ শাহিন (৪০) এর বিরুদ্ধে একটি এজাহার দায়ের করেন। খোঁজ নিয়ে জানা যায় আসামী গন সকালে চুরির বিষয় স্বীকার করে এবং ৭০ হাজার টাকায় মীমাংসার চেষ্টা করে। ভুক্তভোগী মামুন ও লালচাঁদ তাদের সহিত কোন আপোষ করেনা এবং গরু চোরদের বিরুদ্ধে এজাহার দায়ের করেন। গ্রেফতার কৃত আসামীগন বর্তমানে দামুড়হুদা মডেল থানা হেফাজতে আছে। তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির বলেন, গরু চুরির ঘটনায় ৫ জনকে গ্রেফতার করা হয়েছে। আজ আসামিদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদার কার্পাসডাঙ্গা মিশনপাড়ায় বিষপানে যুবকের আত্মহত্যা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা মিশন পাড়ায় বিষপান করে বাবুল
(২৬) নামে এক যুবক আত্মহত্যা করেছে। নিহত বাবুল মিশন পাড়ার মাইকেল মন্ডলের ছেলে।

জানা গেছে,বাবুল পারিবারিক কলহের জের ধরে গত শুক্রবার সকালে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করে।বিষয়টা তার পরিবারের লোকজন জানতে পেরে তাকে দ্রুত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর পাতালে ভর্তি করে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ শনিবার দুপুরের

দিকে সে মৃত্যুবরন করে।

বাবুলের মৃত্যুতে দামুড়হুদা মডেল থানায় একটি অপমৃত্যু্ মামলা দায়ের করা হয়েছে।এ রিপোর্ট লেখা পর্যন্ত বাবুলের মরাদেহ ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসাপাতাল মর্গে নেওয়া হয়ে বলে জানা গেছে।

কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির টু-আইসি এ এস আই সাইদুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন। বাবুলের মৃত্যুতে দামুড়হুদা মডেল থানায় একটি অপমৃত্যু্ মামলা রুজু করা হয়েছে।তার লাশ যেহেতু সদর হাসপাতালে রয়েছে ওখানে লাশের সুরতহাল রিপোর্ট শেষে মর্গে থেকে একবারে ময়না তদন্ত শেষ করে লাশ কার্পাসডাঙ্গা পৌঁছাবে বলে জানান তিনি।

দামুড়হুদায় বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ২য় সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অর্থায়নে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে টুর্নামেন্টের ২য় সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় জুড়ানপুর ইউনিয়ন একাদশ বনাম কুড়ালগাছি ইউনিয়ন একাদশ অংশ গ্রহণ করে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও সাবেক ফুটবলার শহীদ আজম সদু, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মাওঃ মুফতি মামুনুর রশীদ

সহ বিভিন্ন অঞ্চল থেকে আগত আমন্ত্রিত দর্শক অতিথি বৃন্দ উপস্থিত ছিলেন। খেলার মাঠে ছিলো দর্শকদের উপচে পরা ভীড়। ফুটবল প্রেমীরা সহ উপস্থিত সকল দর্শক টুর্নামেন্টের মনোমুগ্ধক সেমিফাইনাল খেলা উপভোগ করেন।

টুর্নামেন্টের ২য় সেমিফাইনাল খেলায় যে দুটি দল অংশ গ্রহণ করে তারা হলো জুড়ানপুর ইউনিয়ন একাদশ বনাম কুড়ালগাছি ইউনিয়ন একাদশ। খেলার নির্ধারিত সময়ের মধ্যে কোন দল গোল করতে না পারায় খেলা ট্রাইবেকার পর্যন্ত পৌছায়। ট্রাইবেকারে জুড়ানপুর ইউনিয়ন একাদশ ৪ গোল করে এবং কুড়ালগাছি ইউনিয়ন একাদশ ২ গোল করে। এতে জুড়ানপুর ইউনিয়ন একাদশ ফাইনালে উত্তীর্ণ হয়।

আগামী রবিবার বিকাল সাড়ে ৪টার সময় টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। ফাইনাল খেলায় অংশ গ্রহণ করবে কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ বনাম জুড়ানপুর ইউনিয়ন একাদশ।

প্রধানমন্ত্রীর সাথে চীন থেকে দেশে ফিরেছেন দিলীপ কুমার আগরওয়ালা

সরকার প্রধানের সফরসঙ্গী হয়ে চীন সফরে গিয়েছিলেন চুয়াডাঙ্গার কৃতী সন্তান দিলীপ কুমার আগরওয়ালা।
চীনের রাজধানী বেইজিংয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৮ থেকে ১০ জুলাই পর্যন্ত ১৯৬ সদস্যের দল নিয়ে অবস্থান করেন। সফরসঙ্গীর এই দলে ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য, ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সাবেক ভাইস-প্রেসিডেন্ট ও বর্তমান পরিচালক, ডায়মন্ড ওয়ার্ল্ড লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডায়মন্ড মার্চেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট, বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)-এর সাধারণ সম্পাদক ও তারাদেবী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান চুয়াডাঙ্গার সন্তান কৃতী ব্যবসায়ী সিআইপি দিলীপ কুমার আগরওয়ালা।
তিন দিনের সফর শেষে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের বিশেষ ফ্লাইট (বিজি-১৭০৪) বুধবার দিবাগত রাত সাড়ে ১২টায় ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। প্রধানমন্ত্রীর সঙ্গে একইসময়ে দেশে ফেরেন দিলীপ কুমার আগরওয়ালা। এ সফরে থাকাকালে বিভিন্ন সময় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে নানা আলোচনা করেছেন দিলীপ কুমার আগরওয়ালা। চুয়াডাঙ্গার রাজনীতিসহ বিভিন্ন বিষয়ে সফরের অবসর সময়ে একান্তে আলোচনার সুযোগ পান দিলীপ কুমার আগরওয়ালা। তার কথা গুরুত্ব দিয়ে শোনেন বঙ্গবন্ধুকন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
উল্লেখ্য, এর আগেও ব্যবসায়ীক গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে প্রায় ৬০ বারের মতো মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফরসঙ্গী হয়ে বিভিন্ন দেশে গেছেন চুয়াডাঙ্গার এ কৃতী সন্তান।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে একজন গ্রেফতার

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে হেমায়েতপুর থেকে ৮০ পিচ অবৈধ মাদকদ্রব্য ইয়াবা সহ একজনকে আটক করেছে দামুড়হুদা থানাধীন চারুলিয়া ক্যাম্প পুলিশ।
গতকাল বৃহস্পতিবার রাত ৮ টার সময় হেমায়েতপুর ব্রীজের উপর তাকে হাতেনাতে গ্রেফতার করা হয় এবং তার সহযোগী একজন কৌশলে পালিয়ে যাই।
গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলার লক্ষীপুর গ্রামের মৃত জালাল উদ্দিন এর ছেলে মোঃ মোফাজ্জেল হক (৪৫)।
পুলিশ সুত্রে জানাগেছে, গতকাল বৃহস্পতিবার রাত ৮ টার দিকে চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা মহোদয় এর নির্দেশনায় দামুড়হুদা থানাধীন চারুলিয়া ক্যাম্পে কর্মরত এসআই লিটন কুমার মন্ডল ও এএসআই মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান ডিউটি পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন হেমায়েতপুর গ্রামস্থ চারুলিয়া টু হেমায়েতপুর সংযোগ ব্রীজের উপর থেকে মোঃ মোফাজ্জেল হক (৪৫) কে ৮০ (আশি) পিচ অবৈধ মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট (যার মুল্য অনুমান-২৪,০০০/-টাকা) সহ হাতেনাতে আটক করে এবং অপর সহযোগী আসামী মোঃ ফকির (৫০), পিতা- আব্দুল মান্নান, সাং- চন্দ্রবাস, থানা- দামুড়হুদা, কৌশলে পালিয়ে যায়। বর্তমানে গ্রেফতার কৃত

আসামী দামুড়হুদা মডেল থানা হেফাজতে আছে। আসামিদের বিরুদ্ধে মামলা রজু করা হয়েছে।
দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর বলেন, একজনকে গ্রেফতার করা হয়েছে। আজ আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদায় বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪ টার সময় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অর্থায়নে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে টুর্নামেন্টের সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। সেমিফাইনাল খেলায় কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ বনাম নাটুদাহ ইউনিয়ন একাদশ অংশ গ্রহণ করে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম। উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার এসআই রিয়াজুল ইসলাম, সাবেক ফুটবলার ও চুয়াডাঙ্গার সাবেক পৌর কমিশনার শহিদুল কাদের জোয়ার্দার, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও সাবেক ফুটবলার শহীদ আজম সদু, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম হাফেজ মাওঃ মুফতি মামুনুর রশীদ সহ বিভিন্ন অঞ্চল থেকে আগত আমন্ত্রিত দর্শক অতিথি বৃন্দ উপস্থিত ছিলেন। খেলার মাঠে ছিলো দর্শকদের উপচে পরা ভীড়। ফুটবল প্রেমীরা সহ উপস্থিত সকল দর্শক টুর্নামেন্টের মনোমুগ্ধক সেমিফাইনাল খেলা উপভোগ করেন।

টুর্নামেন্টের সেমিফাইনাল খেলায় যে দুটি দল অংশ গ্রহণ করে তারা হলো কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ বনাম নাটুদাহ ইউনিয়ন একাদশ। খেলার নির্ধারিত সময়ের মধ্যে নাটুদাহ ইউনিয়ন একাদশ একটি গোল করে ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ দুইটি গোল করে এবং বিজয়ী হয়ে ফাইনালে তাদের খেলা নিশ্চিত করেন। আজ বিকাল সাড়ে ৪ টার সময় টুর্নামেন্টের ২য় সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

গাংনীতে আলমডাঙ্গার মামুন র্যাবের হাতে আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্পের মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৮ বোতল ফেন্সিডিলসহ মোঃ মামুন মালিথা (২৪) নামের এক মাদক কারবারী আটক করেছে।

আটক মামুন মালিথা চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের চরযাদবপুর গ্রামের মোঃ শহিদুল ইসলামের ছেলে।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে গাংনী উপজেলার কল্যানপুর-করমদি মাঠের মধ্যে করমদি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পাশে পাকা রাস্তার উপর মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে ১৮ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়।

র্যাব-১২ সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামানের নেতৃত্বে একটি টিম এই অভিযানে অংশ নেন। উদ্ধারকৃত ১৮ বোতল ফেন্সিডিলের আনুমানিক বাজার মূল্য ৩৬ হাজার টাকা।

এঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে হস্তান্তর করা হয়েছে।